

## 🗏 নূহ | Nuh | وُوح

আয়াতঃ ৭১: ২৪

## **া** আরবি মূল আয়াত:

## وَ قَد أَضِلُّوا كَثِيرًا وَ لَا تَزِدِ الظُّلِمِينَ إِلَّا ضَلَلًا ﴿٢٢﴾

## 🗚 অনুবাদসমূহ:

'বস্তুত তারা অনেককে পথভ্রস্ট করেছে, আর (হে আল্লাহ) আপনি যালিমদেরকে ভ্রস্তুতা ছাড়া আর কিছুই বাড়াবেন না'। — আল-বায়ান

তারা গুমরাহ করেছে অনেককে, তুমি যালিমদের গুমরাহী ছাড়া আর কিছুই বৃদ্ধি করো না। — তাইসিরুল তারা অনেককে বিভ্রান্ত করছে; সুতরাং যালিমদের বিভ্রান্তি ব্যতীত আর কিছুই বৃদ্ধি করেনা। — মুজিবুর রহমান And already they have misled many. And, [my Lord], do not increase the wrongdoers except in error." — Sahih International

- ২৪. বস্তুত তারা অনেককে বিভ্রান্ত করেছে; কাজেই আপনি যালিমদের বিভ্রান্তি ছাড়া আর কিছুই বৃদ্ধি করবেন না।(১)
  - (১) অর্থাৎ এই যালেমদের পথভ্রম্ভতা আরও বাড়িয়ে দিন। এখানে প্রশ্ন হয় যে জাতিকে সৎপথ প্রদর্শন করা রাসূলগণের কর্তব্য নূহ আলাইহিস সালাম তাদের পথভ্রম্ভতার দো'আ করলেন কিভাবে? জওয়াব এই যে, প্রকৃতপক্ষে নূহ আলাইহিস সালাম দীর্ঘকাল তাদের মাঝে থেকে বুঝে গিয়েছিলেন যে, এখন তাদের মধ্যে কেউ স্কমান আনবে না। সেমতে পথভ্রম্ভতা ও কুফরের উপর তাদের মৃত্যু নিশ্চিত ছিল। নূহ আলাইহিস সালাম তাদের পথভ্রম্ভতা বাড়িয়ে দেয়ার দো'আ করলেন যাতে সত্ত্বরই তারা ধ্বংসপ্রাপ্ত হয়। [দেখুন: আয়সারুত তাফসীর]

তাফসীরে জাকারিয়া

- (২৪) তারা অনেককে বিভ্রান্ত করেছে; [1] সুতরাং অনাচারীদের বিভ্রান্তি ব্যতীত আর কিছুই বৃদ্ধি করো না।'
  - [1] أَضَلُوا कि त्रांत কर्ण (তারা) হল নূহ (আঃ)-জাতির মান্য লোকেরা। অর্থাৎ, তারা বহু সংখ্যক লোককে দ্রষ্ট করেছিল। উদ্দেশ্য হল, উল্লিখিত ঐ পাঁচ নেক লোকের প্রতিমা। জাতির দ্রষ্টতায় তাঁদের হাত না থাকলেও তাঁদেরকে কেন্দ্র করেই লোকেরা দ্রষ্ট হয়েছিল। আর সে জন্যই ক্রিয়ার সম্বন্ধ তাঁদের সাথে জুড়ে দেওয়া হয়েছে। যেমন, ইবরাহীম (আঃ)-ও বলেছিলেন, رَبِّ إِنَّهُنَّ أَصْلُلُنَ كَثِيرًا مِنَ النَّاسِ (সূরা ইবরাহীম ৩৬ আয়াত)



তাফসীরে আহসানুল বায়ান

• Source — https://www.hadithbd.com/quran/link/?id=5443

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন